## জুন/২০১৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ ঃ ১৫ জুন, ২০১৫।
সময় ঃ দুপুর ১২.০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি অত্র সভার সদস্য ও ভূলতা ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান, জনাব হারুন অর রশিদ ভূইয়া এর মৃত্যুতে শোক প্রস্তাব উথাপন করেন এবং দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন শেষে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প.প. কর্মকর্তা |
| ৩ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী অদ্য অনুষ্ঠিত ২০১৫-১৬ অর্থ বছরের বাজেট সভায় ২৩,৪০,১৩,৭২৮ টাকার বাজেট বাজেট উপস্থাপন করেন। সভায় বাজেট উপস্থাপিত বাজেট নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বাজেট সভা সংক্রান্ত পৃথক কার্যবিবরনী প্রস্তুত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। আউশ প্রণোদনা প্রদান করা হয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে উপজেলার ৭টি ইউনিয়নের জন্য ১১০.৭১০ মে.টন চাল বরাদ্দ করা হয়। যা দ্বারা ৫৬টি প্রকল্পের তালিকা জেলা কর্ণধার কমিটির সভায় গৃহীত ও অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পের অনুকূলে খাদ্য শষ্য ছাড়করা হয়েছে। কাজ চলমান আছে।<br>খ) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) সাধারণ কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে তারাব পৌরসভায় বরাদ্দকৃত ৪৬.১১০ মে.টন গম দ্বারা বাস্তাবায়নের জন্য গৃহীত ১২টি প্রকল্প জেলা কর্ণধার কমিটির সভায় গৃহীত ও অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পের অনুকূলে খাদ্য শষ্য ছাড়করা হয়েছে। কাজ চলমান আছে।<br>গ) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে কাঞ্চন পৌরসভায় বরাদ্দকৃত ২৮.৬২০৬ মে.টন গম দ্বারা বাস্তাবায়নের জন্য গৃহীত ২৪টি প্রকল্প জেলা কর্ণধার কমিটির সভায় গৃহীত ও অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পের অনুকূলে খাদ্য শষ্য ছাড়করা হয়েছে। কাজ চলমান আছে।<br>ঘ) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ে উপজেলার ৭টি ইউনিয়নের জন্য বরাদ্দকৃত ১২৬ মে.টন, চালের ১৩টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%<br>অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | শিক্ষা | সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরে ২৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে টয়লেট মেরামত ২৩ টিতে রুটিন ম্যানটেনেন্স এবং ৮টিতে বৃহৎ মেরামতের বরাদ্দ পাওয়া গেছে। কার্যক্রম যাথারীতি চলছে। তিনি আরো জানান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ও বেগম ফজিলাতুন্নেছা প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ২০১৫ ইউনিয়ন পর্যায়ে সম্পন্ন করা হয়েছে। পরবর্তীতে সময় নির্ধারণ করে উপজেলা পর্যায়ে টুর্নামেন্ট করা হবে। ২৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী নিয়োগ কার্যক্রম মহামান্য হাই কোর্টের নির্দেশে স্থগিত আছে। | মেরামত তদারকি ও ফুটবল টুর্নামেন্ট সফলভাবে সম্পন্নের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, প্রত্যেক ইউপি ও পৌরসভায় কমপক্ষে একটি করে বিদ্যালয়ে শতভাগ মাল্টিমিডিয়া ক্লাসরুম করার প্রক্রিয়া চলছে। উপজেলা নির্বাহী অফিসার গত ৬ বছরের উন্নয়নের প্রমাণ্যচিত্র বিদ্যালয় সমূহের মাধ্যমে জনগণকে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১০ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এধারা অব্যহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাজসেবা কর্মকর্তা। |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় কার্যক্রম শতভাগ এবং খেলাপী ঋণ আদায়ে জোর প্রচেষ্টা চলছে। প্রতি বছর জুলাই ও জানুয়ারি মাসে বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ শুরু হয়। আগ্রহী বেকার উপজেলা যুব উন্নয়ন অফিসে প্রেরনের জন্য ইউপি চেয়রম্যান, মেয়র ও সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। | ঋণ ও প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১২ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার জনান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৬ | খাদ্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন বিভাগ | -- | -- | -- |
| ১৮ | এবাএখা | উপজেলা সমন্বয়কারী জানান যে, সঞ্চয় প্রাদান ও ঋণ প্রদানের কার্যক্রম স্বাভাবিক চলছে। ২০১৪-২০১৫ অর্থ বছরের সঞ্চয় আদায় শতভাগ সম্পন্ন হয়েছে। সঞ্চয় আদায় কাজে সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ জানান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা সমন্বয়কারী |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর) ২২-৭-১৫

(মোঃ শাহজাহান ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০৯.১৩-৪৮৩/১ (৪০) তারিখ: ০৫/০৭/২০১৫ খ্রি.।

সদয় জ্ঞাতার্থেঃ-

১। মাননীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১।

২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

২। উপজেলা ..............................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান.....................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। জনাব/বেগম..........................................................................................।

02/07/2015

উপজেলা নির্বাহী অফিসার

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

পরিশিষ্ট-'ক'

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে গত ২৮/০৫/২০১৫ইং তারিখে উপজেলা পরিষদের সাধারন ১) রূপসী-RHD হইতে কাঞ্চন জিসি ভায়া মুড়াপাড়া জিসি ( চেইঃ ৫৭০০-৬১০০মিঃ) রাস্তা প্রশস্থকরণ এবং ২) উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবন নির্মান এর অতিরিক্ত কাজ উপজেলা রাজস্ব তহবিল হইতে বাস্তবায়নের নির্মিত্তে উম্মূক্ত দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই প্রেক্ষিতে দরপত্র আহবান করা হয়। গৃহীত দরপত্র সমূহ ১৭/০৬/২০১৫ইং উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটির সভায় যথাক্রমে মেসার্স দেওয়ান এন্টারপ্রাইজ এবং মেসার্স মিডিয়া ট্রেডার্সকে তাহাদের উদ্ধৃত মূল্য ৯৯,৯৮,৯৮৭/- এবং ৪৬,৪৯,০০০/ টাকায় NOA প্রদানের জন্য সুপারিশ করা হয়। সেই প্রেক্ষিতে দরপত্র সমুহ অনুমোদনের জন্য সভায় পেশ করেন। | বিস্তারিত আলোচনান্তে দরপত্র মুল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক সর্বনিম্ন দরপত্র দাতাদের অনুকুলে তাদের উদ্ধৃত মুল্যে যথাক্রমে ৯৯,৯৮,৯৮৭/- এবং ৪৬,৪৯,০০০/- টাকায় NOA কার্যাদেশ প্রদানের জন্য অনুমোদন দেওয়া হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা উন্নয়ন তহবিল UDF হইতে W-২৩ এবং W-২৪ দুইটি প্যাকেজের কাজ বাস্তবায়নের নির্মিত্তে ঠিকাদার নিয়ুক্ত সহ অন্যান্য প্রক্রিয়া সম্পন্ন করা হয়। কিন্ত উপজেলা উন্নয়ন তহবিল (UDF) এ বরাদ্দ স্বপ্লতা যেহেতু উপজেলা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ (এডিপি) হইতে বিল প্রদানের অনুমোদনের জন্য সভায় পেশ করেন। | বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ২টি প্যাকেজের বিল সংশোধিত চুক্তি মূল্য মোতাবেক উপজেলা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ (এডিপি) তহবিল হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৩ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী উপজেলা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ (এডিপি) খাত হইতে সংযোজনী "ক" তে উল্লেখিত প্রকল্প সমূহ জরুরী ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় পেশ করেন। | বিস্তারিত আলোচনান্তে সংযোজনী "ক" তে উল্লেখিত প্রকল্প, প্রকল্পের প্রাক্কলন এবং ০৭ সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় অনুমোদন করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৪ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ এর ২০১৫-১৬ অর্থ বৎসরের বাজেট, বাজেট সভায় উপস্থাপন করা হইয়াছে। প্রস্তাবিত বাজেটে কোন সংশোধনী না থাকায় তিনি বাজেটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০১৫-১৬ অর্থ বৎসরের বাজেট অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

সংযোজনী-'ক'

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি/সেক্রেটারীর নাম |
|---|---|---|---|
| ১ | ভোলাব ইউনিয়নে বিভিন্ন স্থানে আরসিসি পাইপ সরবরাহ। | টাঃ ১,৪০,০০০/- | সভাপতিঃ মোঃ বিল্লাল হোসেন, সদস্য ভোলাব ইউপি<br>সেক্রেটারী দিলীপ দাস সদস্য ভোলাব ইউপি |
| ২ | ভুলতা-আতলাশপুর পশ্চিম পাড়া জামে মসজিদের সাবমারজিবল পানির পাম্পের মাধ্যমে পানি সরবরাহ। | টাঃ ১,০০,০০০/- | সভাপতিঃ মোসাঃ কুলসুম বেগম, সদস্য ভুলতা ইউপি<br>সেক্রেটারী মোঃ ইসমাইল মাষ্টার, সহ-সভাপতি, মসজিদ কমিটি |
| ৩ | রূপগঞ্জ বায়তুল আমান জামে মসজিদের সাবমারজিবল পানির পাম্পের মাধ্যমে পানি সরবরাহ। | টাঃ ১,০০,০০০/- | সভাপতিঃ মোঃ জাকির হোসেন, সদস্য রূপগঞ্জ ইউপি<br>সেক্রেটারী মোঃ আব্দুল বাকি মিয়া, সমাজ সেবক |
| ৪ | ভুলতা শিব মন্দিরে সাবমারজিবল পাম্প স্থাপন ও পানি সরবরাহ। | টাঃ ২,০০,০০০/- | সভাপতিঃ মোঃ নজরুল ইসলাম, সদস্য ভুলতা ইউপি<br>সেক্রেটারী গনেশ চন্দ্র পাল , ব্যবসায়ী |